

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সাঈদ মাহমুদ বেলাল হায়দর
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ১৫/০৭/২০২৪; বেলা ০৩.০০ ঘটিকা।
স্থান : সভা কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মসচিব জনাব মোঃ হেমায়েত হোসেন বলেন, মন্ত্রণালয়/বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (এপ্রিল-জুন/২০২৪) (প্রমাণকসহ) ১৫/০৭/২০২৪ তারিখের মধ্যে সুশাসন বিষয়ক সফটওয়্যারে আপলোড করার নির্দেশনা রয়েছে। তিনি প্রতিটি ক্রমিকের বিপরীতে বাস্তবায়িত অগ্রগতি প্রতিবেদনসমূহের বিষয়ে সভায় আলোকপাত করেন। কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনসহ দ্রুত সফটওয়্যারে আপলোডের জন্য অনুরোধ করেন। সভাপতি ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিকের ক্রমিকের সূচকসমূহের বিষয়ে সভায় আলোকপাত করেন। ১.৩ ক্রমিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা ০২ টির মধ্যে একটি মাঠ পর্যায়ে এবং একটি ঢাকায় আয়োজনের জন্য বলেন। ২.৫ ক্রমিকে প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ হস্তান্তরের ক্ষেত্রে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা অনুসরণ করার জন্য বলেন। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মসচিব জনাব মোসাম্মৎ জোহরা খাতুন জানান, "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন), নীতিমালা, ২০২১" অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নির্বাচিত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ-এর নির্ধারিত ফরম্যাট অনুযায়ী সার্টিফিকেট ও ক্রেস্ট প্রস্তুত করা হয়েছে। সভাপতি আগামী সমন্বয় সভায় মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করেন।


০২। সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ চলতি অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের সময় যে নির্দেশনা প্রদান করেছে তার শতভাগ অনুসরণ করে মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন। কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগণকে ব্যক্তিগতভাবে তদারকি করার জন্য ও তিনি নির্দেশনা প্রদান করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১।	এ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (এপ্রিল-জুন/২০২৪) (প্রমাণকসহ) ১৫/০৭/২০২৪ তারিখে জরুরিভিত্তিতে সুশাসন বিষয়ক সফটওয়্যারে আপলোডসহ ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	কর্মপরিকল্পনার ৩.২ নং ক্রমিকের বিষয়ে জনাব মোসাম্মৎ জোহরা খাতুন, যুগ্মসচিব (প্রশাসন-২); ৩.৩ নং ক্রমিকের বিষয়ে জনাব মোঃ আরমান হায়দার, উপসচিব (প্রাণিসম্পদ-৪) ও ৩.৪ ক্রমিকের বিষয়ে জনাব মোঃ

	হেমায়েত হোসেন, যুগ্মসচিব (মৎস্য-১) কর্তৃক পরিদর্শনপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩।	আগামী মাসিক সমন্বয় সভায় মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সাইদ মাহমুদ বেলাল হায়দর) ০২/০৭/২০২৪

সচিব

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়